**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 07-01-2026** **Time: 1-30 PM**

<u>বিশেষ বিশেষ খবর -</u>

১/ বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর সন্ত্রাসবাদে মদত ও জঙ্গীদের প্রশিক্ষণ শিবির চালানোর জন্য পাকিস্তানের কঠোর সমালোচনা করেছেন।

২/ ভেনিজুয়েলায় মার্কিন সামরিক অভিযানের প্রেক্ষিতে কার্যনির্বাহী রাষ্ট্রপতি ডেলসি রডরিগেজ-এর, সাত দিনের জাতীয় শোক পালনের ঘোষণা।

৩/ সুপ্রিম কোর্ট, দিল্লি ও জাতীয় রাজধানী অঞ্চলে দূষণ সৃষ্টিকারী সমস্ত উৎস, দু-সপ্তাহের মধ্যে খুঁজে বের করার জন্য বাতাসের গুণমান পরিচালন কমিশন - CAQM-কে নির্দেশ দিয়েছে।

৪/ ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো, এমাসের ১২ তারিখ PSLV-C-62 মহাকাশে পাঠাবে।

৫/ আন্তর্জাতিক ক্রিকেট নিয়ামক আইসিসি চলতি বছরে টি-টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের ম্যাচ ভারত থেকে অন্যত্র স্থানান্তরিত করার আবেদন খারিজ করে দিয়েছে।

***********************************************************************

দশকের পর দশক সন্ত্রাসবাদে মদত দান এবং জঙ্গীদের প্রশিক্ষণ শিবির চালানোর জন্য ভারত, পাকিস্তানের কঠোর সমালোচনা করেছে।

বিদেশ মন্ত্রী ডক্টর সুব্রমণিয়ম জয়শঙ্কর লুক্সেমবার্গে এক সাংবাদিক সম্মেলনে বলেন, যেসমস্ত দেশ বিভিন্নভাবে ভারতকে সাহায্য করছে, তাদের সঙ্গে নতুন দিল্লির আচরণ হবে একরকম। কিন্তু পাকিস্তান এবং অন্য যেসব দেশ ভারতের বিরুদ্ধাচারণ করছে, তাদের সঙ্গে নতুন দিল্লির আচরণ হবে সম্পূর্ণ ভিন্ন।

( বাইট- জয়শঙ্কর )

ইওরোপের সঙ্গে ভারতের সম্পর্ক এক নতুন মাত্রায় পৌঁছবে বলে বিদেশমন্ত্রী আশা প্রকাশ করেন। ইওরোপীয় ইউনিয়ান-ইইউ এবং লুক্সেমবার্গের সঙ্গে সম্পর্ক আরো উন্নত করতেও ভারত আগ্রহী বলে তিনি জানান।

চলতি বছরে ভারত থেকে আরো অনেক মন্ত্রী ও গুরুত্বপূর্ণ ব্যবসায়ী প্রতিনিধি দল, লুক্সেমবার্গ সফর করবে বলেও ডক্টর জয়শঙ্কর মন্তব্য করেন।

*****************************************************************

ভেনিজুয়েলায় গত সপ্তাহান্তে কারাকাসে মার্কিন সামরিক অভিযানের প্রেক্ষিতে কার্যনির্বাহী রাষ্ট্রপতি ডেলসি রডরিগেজ, সেখানে সাত দিনের জাতীয় শোক পালনের কথা ঘোষণা করেছেন। ভেনিজুয়েলা সরকার জানিয়েছে, ওই সামরিক অভিযানে মৃত্যু হয়েছে অন্ততঃ ৫৬ জনেরন যাদের মধ্যে ৩২ জন কিউবার সামরিক ও পুলিশ কর্মী, যারা ভেনিজুয়েলায় কর্মরত ছিলেন। কিউবা'ও নিহত কর্মীদের সম্মানে দুদিনের শোক পালনের কথা ঘোষণা করেছে।

জাতীয় সম্প্রচার মাধ্যমে রডরিগেজ বলেছেন, ভেনিজুয়েলা খুবই শান্তিপূর্ণ দেশ। কোনোভাবেই তারা যুদ্ধে অবতীর্ণ হতে চায়না। তা সত্ত্বেও তাদের ওপরেই হামলা ও আক্রমণ চালানো হয়েছে। ভেনিজুয়েলা কর্তৃপক্ষ, গোটা বিষয়টির ওপর কড়া নজরদারি চালাচ্ছে বলেও তিনি জানান।

অন্যদিকে, ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ভেনিজুয়েলা অন্তর্বর্তীকালীন কর্তৃপক্ষ, মার্কিন যুক্তরাষ্ট্রকে ৩ থেকে ৫ কোটি ব্যারেল খনিজ তেল পাঠাবে। এই পরিকল্পনায় উভয় দেশ'ই পারস্পরিকভাবে উপকৃত হবে বলেও মার্কিন রাষ্ট্রপতি জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় ট্রাম্প বলেন, বাজারমূল্যে তেল বিক্রি করা হবে এবং তিনি ব্যক্তিগতভাবে সেই আয়ের সদ্ব্যবহারের তদারকি করবেন। এই রাজস্ব, ভেনিজুয়েলা ও আমেরিকার জনগণের জন্য উপকারী বিভিন্ন উদ্যোগে ব্যয় করা হবে বলেও তিনি মন্তব্য করেন। ভেনিজুয়েলায় সাম্প্রতিক মার্কিন সামরিক অভিযান এবং রাষ্ট্রপতি নিকোলাস মাদুরোকে আটক করার পর ট্রাম্পের এই ঘোষণা, যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

*****************************************************************

বাংলাদেশের নওগাঁওয়ে স্থানীয়দের আক্রমণ থেকে বাঁচতে গিয়ে জলে ডুবে মিঠুন সরকার নামে এক যুবকের মৃত্যু হয়েছে। মহাদেবপুর উপজেলার ভান্ডারপুর গ্রামের ২৫ বছর বয়সী ওই যুবকের বিরুদ্ধে চুরির অভিযোগ তুলে একদল যুবক চকগৌরী বাজার থেকে তাঁকে ধাওয়া করে। পালানোর সময় একটি খালে ঝাঁপ দেন মিঠুন । পরে সেখান থেকেই উদ্ধার হয় তাঁর দেহ। এ ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়েছে।

পুলিশ জানিয়েছে, নিহত ওই যুবক কোনো চুরির সাথে জড়িত ছিল কিনা, তা এখনও জানা যায়নি।

*****************************************************************

বাংলাদেশ চলতি বছরের ডিসেম্বর পর্যন্ত ভারতের রাষ্ট্রীয় সংস্থা নুমালিগড় রিফাইনারি লিমিটেড, এন আর এল থেকে ১ হাজার ৪০০ কোটি টাকা ব্যয়ে এক লক্ষ আশি হাজার টন ডিজেল আমদানি করবে। ঢাকায় গতকাল বাংলাদেশের অর্থ উপদেষ্টা সালেউদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা কমিটির এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন – বিপিসি, এই ডিজেল আমদানি করবে।

উল্লেখ্য, এন আর এল-এর শোধনাগারটি আসামে অবস্থিত।এই ডিজেল শিলিগুড়ি থেকে বাংলাদেশ-ভারত পাইপলাইনের মাধ্যমে বাংলাদেশে সরবরাহ করা হয়।

****************************************************************

সুপ্রিম কোর্ট, দিল্লি ও জাতীয় রাজধানী অঞ্চলে দূষণ সৃষ্টিকারী সমস্ত উৎস, দু-সপ্তাহের মধ্যে খুঁজে বের করার জন্য 'বাতাসের গুণমান পরিচালন কমিশন' CAQM-কে নির্দেশ দিয়েছে। সেই রিপোর্টের ভিত্তিতে পর্যায়ক্রমে দীর্ঘস্থায়ী ব্যবস্থা গ্রহণ করতেও বলেছে শীর্ষ আদালত।

প্রধান বিচারপতি সূর্য কান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচী এই নির্দেশ দিয়ে বলেন, স্পষ্ট, সুসংহত কোনো পরিকল্পনা না থাকায়, দূষণ নিয়ন্ত্রণ কার্যকর হয়নি। CAQM, এই দূষণের উৎস খুঁজে বের করতে পারলে সমস্যার দীর্ঘমেয়াদী সমাধান সম্ভব হবে বলে আশা করা হচ্ছে। এমাসের ২১ তারিখের মধ্যে CAQM–কে ওই কর্ম পরিকল্পনা প্রণয়ণের'ও নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। তবে, গত শুনানিতে বিভিন্ন ইস্যুতে CAQM-এর স্টেটাস রিপোর্ট না মেলায় দুই বিচারপতি অসন্তোষ ব্যক্ত করেন।

****************************************************************

অসমের গুয়াহাটিতে **আগামীকাল** জাতীয় বস্ত্র মন্ত্রীদের সম্মেলন শুরু হবে। দু'দিন ব্যাপী এই সম্মেলনের মূল লক্ষ্য হল- বিনিয়োগ, রপ্তানী, পরিকাঠামো উন্নয়ন, প্রযুক্তিগত অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা। বস্ত্রমন্ত্রক থেকে জানানো হয়েছে, এই সম্মেলনে ২০৩০ সালের মধ্যে ভারতকে, বিশ্বজুড়ে বস্ত্র উৎপাদনের কেন্দ্র হিসেবে গড়ে তোলার ওপর জোর দেওয়া হবে।

এবারের সম্মেলনের মূল ভাবনা - **ভারতের বস্ত্র ঃ ঐতিহ্য ও উদ্ভাবনের মাধ্যমে অগ্রগতি।** সম্মেলনে দেশের বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল থেকে বস্ত্রমন্ত্রীরা যোগ দেবেন।

****************************************************************

দক্ষিণ ফিলিপিন্সের দাভাও ওরিয়েন্টাল প্রদেশে আজ সকালে রিখটার স্কেলে ৬ দশমিক ৭ মাত্রার ভূকম্পন অনুভূত হয়। ফিলিপিন্স ইন্সটিটিউট অফ ভলক্যানোলজি অ্যান্ড সিসমোলজি জানিয়েছে, ৪২ কিলোমিটার গভীরে কম্পন সংগঠিত হয়। কম্পনের কেন্দ্রস্থল ছিল, ৪৭ কিলোমিটার দূরে মানায় উপকূলবর্তী অঞ্চল। কোনো ক্ষয়ক্ষতি বা হতাহতের খবর পাওয়া যায়নি।

****************************************************************

'আজকের প্রসঙ্গ' অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা-

**'বিশ্ব উৎপাদন মানচিত্রে ভারতের উত্থান'।**

অর্থনীতিবিদ তিমির বরণ চ্যাটার্জির সঙ্গে কথা বলেছেন, কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

********************************************************************

বিকশিত ভারত এবং আত্মনির্ভর ভারত গড়ে তুলতে ২০২৫ সালটি একটি সংস্কারের বছর। অন্যান্য প্রতিটি ক্ষেত্রের মতই প্রধানমন্ত্রীর নেতৃত্বে এসেছে শক্তি ক্ষেত্রেও সংস্কার।

একটি প্রতিবেদন- (ভিসি-অভিজিৎ)

********************************************************************

ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো, **এমাসের ১২ তারিখ** PSLV-C-62 মহাকাশে পাঠাবে। সামাজিক মাধ্যমের এক বার্তায় ইসরোর পক্ষ থেকে আজ একথা জানানো হয়। অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান কেন্দ্র থেকে সকাল ১০'টা ১৭ মিনিটে এ'টি উৎক্ষেপণ করা হবে। ইসরোর সূত্রে আরো জানা গেছে, এই কর্মসূচীর প্রাথমিক লক্ষ্য হল- আর্থ অবসারভেশন স্যাটেলাইট বা ভূ-পর্যবেক্ষণ উপগ্রহ EOSN-ONE মহাকাশে পাঠানো।

প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা-DRDO-র তৈরী ওই উপগ্রহটির তোলা ছবি বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজে ব্যবহার করা হবে। ভারত ছাড়াও অন্য কয়েকটি দেশের আরো ১৮টি সহায়ক উপগ্রহ'ও এই মিশনের অন্তর্ভুক্ত হবে।

********************************************************************

'অখিল ভারতীয় ভরত মুনি সম্মান-2025' এর প্রাপকদের নাম ঘোষণা করা হয়েছে । ছত্তিশগড়ের বিশিষ্ট লোকসংগীত শিল্পী প্রভা যাদব এবং পুনের বিশিষ্ট চিত্রকর চিন্তামনি হাসাবনিস এবারে এই পুরস্কার পাচ্ছেন। সংস্কার ভারতীর সাধারণ সম্পাদক অশ্বীন দালভি জানিয়েছেন নাট্যশাস্ত্রের লেখক মহর্ষি ভরত মুনির নামে প্রতি বছর এই পুরস্কার দেওয়া হয়। আগামী পয়লা ফেব্রয়ারি প্রাপকদের হাতে এই পুরস্কার তুলে দেওয়া হবে ।

********************************************************************

আন্তর্জাতিক ক্রিকেট নিয়ামক আইসিসি চলতি বছরে টি-টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের ম্যাচ ভারত থেকে অন্যত্র স্থানান্তরিত করার আবেদন খারিজ করে দিয়েছে। নিরাপত্তার প্রশ্ন তুলে বাংলাদেশ ক্রিকেট বোর্ড টি-টোয়েন্টি ওয়ার্ল্ড কাপ ক্রিকেট খেলতে ভারতে আসতে অস্বীকার করে। উল্লেখ্য, বাংলাদেশে একাধিক হিন্দু সম্প্রদায়ভুক্ত মানুষ নিহত হবার প্রতিবাদে, বি সি সি আই ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ আই পি এল-এ মুস্তাফিজুর রহমানকে ছেড়ে দেওয়ার পরই, বাংলাদেশ ক্রিকেট কন্ট্রোল বোর্ড এই সিদ্ধান্ত নেয়। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সঙ্গে এক ভার্চুয়াল মিটিং-এ, আই সি সি জানিয়েছে, বাংলাদেশের ভারতে না খেলার কোন বৈধ কারণ স্পষ্ট নয়।

********************************************************************

ভারতীয় আবহাওয়া দফতর আজ দিল্লি, হরিয়ানা, চণ্ডীগড়, পাঞ্জাব, উত্তরপ্রদেশ এবং পূর্ব রাজস্থানে ঘন থেকে অতি ঘন কুয়াশার জন্য কমলা সতর্কতা জারি করেছে। জম্মু-কাশ্মীর, লাদাখ, হিমাচল প্রদেশ, পশ্চিম রাজস্থান, উত্তরাখণ্ড, বিহার, মধ্যপ্রদেশ এবং পশ্চিমবঙ্গ সহ দেশের উত্তর-পূর্বাঞ্চলে ঘন কুয়াশার পরিস্থিতি থাকবে। আজ ছত্তিশগড়, ঝাড়খণ্ড, ওড়িশা এবং বিদর্ভে শৈত্যপ্রবাহের পূর্বাভাস দিয়েছে আইএমডি। আগামী দুই দিন দিল্লি, পাঞ্জাব, হরিয়ানা এবং চণ্ডীগড়ে সর্বনিম্ন তাপমাত্রা ২ থেকে ৩ সেলসিয়াস কমার পূর্বাভাস দিয়েছে।

এদিকে, ঘন কুয়াশার কারণে আজ দেশের বিভিন্ন প্রান্তে ব্যাহত হয়েছে ট্রেন পরিষেবা। রেলের পক্ষ থেকে জানানো হয়েছে, দৃশ্যমানতা কম থাকার কারণে দিল্লিগামী ৭০টিরও বেশি ট্রেন দুই ঘন্টা দেরিতে চলছে। যাত্রীদের পরামর্শ দেওয়া হয়েছে, স্টেশনে পৌঁছানোর আগে ট্রেনের সর্বশেষ পরিস্থিতি যেনে নিতে, যাতে অযথা ভোগান্তি ও বিলম্ব এড়ানো যায়।

********************************************************************